

🗏 আশ-শুআ'রা | Ash-Shu'ara | الشُّعَرَاء |

আয়াতঃ ২৬: ১৭৬

💵 আরবি মূল আয়াত:

كَذَّبَ أَصِحْبُ لَّيكَةِ المُرسَلِينَ ﴿١٧٨﴾

আইকার অধিবাসীরা রাসূলদেরকে অস্বীকার করেছিল। — আল-বায়ান
বনের অধিবাসীরা রসূলদেরকে মিথ্যে বলে প্রত্যাখ্যান করেছিল। — তাইসিরুল
আইকাবাসীরা রাসূলদেরকে অস্বীকার করেছিল — মুজিবুর রহমান

The companions of the thicket denied the messengers — Sahih International

১৭৬. আইকাবাসীরা(১) রাসূলগণের প্রতি মিথ্যারোপ করেছিল,

(১) ইউসুফ আলাইহিস সালাম-এর পরে আল্লাহ্ তা'আলা শু'আইব 'আলাইহিস সালামকে পাঠান। তার জাতি ছিল মাদইয়ান জাতি। [সূরা আল-আরাফঃ ৮৫] মাদইয়ান ছিল শু'আইব 'আলাইহিস সালাম-এর জাতির এক পূর্বপুরুষের নাম। অপরদিকে কখনো কখনো পবিত্র কুরআনে শুয়াইব 'আলাইহিস সালাম-এর কওম সম্পর্কে বলা হয়েছে, 'আসহাবুল আইকাহ' বা গাছওয়ালাগণ। [সূরা আশ-শুয়ারাঃ ১৭৬] অধিকাংশ মুফাসসিরদের মতে আইকাবাসী দ্বারা মাদইয়ান জাতিকে বুঝানো হয়েছে। [আদওয়াউল-বায়ান]

তাফসীরে জাকারিয়া

(১৭৬) আইকাহবাসীরা[1] রসূলগণকে মিথ্যা মনে করেছিল;

[1] 'আইকাহ' জঙ্গলকে বলা হয়। এখানে শুআইব (আঃ)-এর জাতি ও মাদয়্যান শহরের আশপাশের বাসিন্দাদেরকে বুঝানো হয়েছে। আরো বলা হয় য়ে, 'আইকাহ' অর্থ ঘন ডাল-পাতা বিশিষ্ট গাছ। আর এ রকমই একটি গাছ মাদয়্যানের উপকণ্ঠে ছিল, য়ার পূজা করা হত। শুআইব (আঃ)-এর নবুঅতের পরিধি ও দাওয়াত-তাবলীগের পরিসীমা মাদয়্যান থেকে ওর আশপাশের বসতি পর্যন্ত ছিল; য়েখানে 'আইকাহ' গাছের পূজা হত। সেখানে বসবাসকারীদেরকে 'আসহাবুল আইকাহ' বলা হয়েছে। এই হিসাবে 'আসহাবুল আইকাহ' ও মাদয়্যানবাসীদের নবী ছিলেন একজন, অর্থাৎ কেবল শুআইব (আঃ)। আর এই উভয় জাতিই ছিল একই নবীর উন্মত। 'আইকাহ' য়েহেতু জাতি নয়, বরং একটি গাছ সেহেতু এখানে ভাই সম্পর্কের কথা উল্লেখ করা হয়নি। য়েমন, অন্যান্য জাতির নবীর ক্ষেত্রে করা হয়েছে। অবশ্য য়েখানে মাদয়্যানের সঙ্গে শুআইব (আঃ)-এর উল্লেখ হয়েছে সেখানে ভাই সম্পর্ক জুড়ে বর্ণনা করা হয়েছে। য়েহেতু মাদয়্যান একটি জাতির নাম।



কোন কোন তফসীরকারগণ (আইকাহ ও মাদয়ানকে) আলাদা আলাদা বসতি ধরে আসহাবুল আইকাহ ও মাদয়ানকে) আলাদা বসতি ধরে আসহাবুল আইকাহ ও মাদয়ানবাসীদেরকে পৃথক পৃথক দু'টি উম্মত বলেছেন। যাদের নিকট পালাক্রমে শুআইব (আঃ)-কে পাঠানো হয়েছিল; একবার মাদয়ানের দিকে ও আর একবার আসহাবুল আইকার দিকে। কিন্তু ইমাম ইবনে কাসীর (রঃ) বলেছেন, সঠিক তথ্য হল, এরা ছিল একটিই উম্মত। কারণ ওজন ও মাপে কমবেশী করার ব্যাপারে যে উপদেশ মাদয়ানবাসীদেরকে দেওয়া হয়েছে, সেই একই উপদেশ আসহাবুল আইকাদেরকেও দেওয়া হয়েছে। যাতে এ কথা স্পষ্ট হয় যে, এরা একই উম্মত, দুই নয়।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=3108

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন